**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 26-06-2025** **Desk in Charge : SDG**

**Time : 7.50 PM** **News Editor : NBR**

**DEO : KB** **NR : NBR**

**Announcement :-** আকাশবাণী**,** খবর পড়ছিঃ –

<u>বিশেষ বিশেষ খবর -</u>

১) বিহারে নতুন করে ভোটার তালিকা সংশোধনের বিষয়ে নির্বাচন কমিশন বিশেষ নির্দেশিকা জারি করেছে।

# কমিশনের এই সিদ্ধান্ত ঘুরপথে NRC চালুর করার চেষ্টা বলে অভিযোগ করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি।

২/ সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে সরকারি কর্মী ও পেনশনভোগীদের বকেয়া মহার্ঘভাতার ২৫ শতাংশ মিটিয়ে দেওয়ার সময়সীমা আগামীকাল শেষ হলেও, এখনো পর্যন্ত কোনো বিজ্ঞপ্তি জারি হয়নি।

৩/ কলকাতায় ভোট পরবর্তী হিংসায় নিহত বিজেপি কর্মী অভিজিৎ সরকার খুনের ঘটনায় CBI, অন্যতম অভিযুক্ত অরুণ দে-কে গ্রেপ্তার করেছে।

৪/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে রাজ্য জুড়ে আজ পালিত হচ্ছে মাদক বিরোধী দিবস।

৫/ চিরাচরিত উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে আগামীকাল পালিত হতে চলেছে রথযাত্রা। রাজ্যজুড়ে বিভিন্ন জায়গায় এই উপলক্ষ্যে প্রস্তুতি তুঙ্গে।

*****************************************************************

বিহার বিধানসভা নির্বাচনের আগে প্রতিটি যোগ্য নাগরিকের নাম যাতে ভোটার তালিকায় থাকে, সেই বিষয়টি সুনিশ্চিত করতে নির্বাচন কমিশন, বাড়ি ধরে ধরে নতুন করে ভোটার তালিকা সংশোধনের লক্ষ্যে বিশেষ কর্মসূচী হাতে নিয়েছে। এব্যাপারে নির্দেশিকা'ও জারি করা হয়েছে।

এদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, নতুন করে ভোটার তালিকা তৈরির বিষয়ে নির্বাচন কমিশনের এই সিদ্ধান্তের বিরুদ্ধে সরব হয়েছেন। কমিশনের নির্দিষ্ট গাইড লাইন ও যুক্তরাষ্ট্রীয় কাঠামোর কথা তুলে ধরে তিনি অভিযোগ করেন, নির্বাচন কমিশন রাজ্যের নির্বাচিত সরকার এবং রাজনৈতিক দলগুলিকে সম্পূর্ণ অন্ধকারে রেখে এই সিদ্ধান্ত নিয়েছে। কেন্দ্রের চাপেই এই উদ্যোগ নেওয়া হচ্ছে বলে তাঁর অভিযোগ।

পূর্ব মেদিনীপুরের দীঘায় আজ সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুখ্যমন্ত্রী বলেন, দলীয় বুথ স্তরের এজেন্টদের তথ্য চেয়ে কমিশন তাঁকে চিঠি পাঠিয়েছে। এই পদক্ষেপ রাজনৈতিকভাবে উদ্বেগজনক এবং সমস্ত বিরোধী দলকে একজোট হয়ে এর বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। ভোটার তালিকায় নাম রাখার জন্য জন্মস্থান ও জন্মতারিখ সংক্রান্ত নথি জমা দেওয়ার নির্দেশিকাকেও তীব্রভাবে আক্রমণ করেছেন মুখ্যমন্ত্রী। কেন্দ্রীয় সরকার এর মাধ্যমে পরোক্ষে NRC চালু করতে চাইছে কিনা, এনিয়েও প্রশ্ন তোলেন তিনি।

( বাইট- মমতা / EC )

******************************

সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে সরকারি কর্মী ও পেনশনভোগীদের বকেয়া মহার্ঘভাতার ২৫ শতাংশ মিটিয়ে দেওয়ার সময়সীমা আগামীকাল শেষ হচ্ছে। কিন্তু রথযাত্রা উপলক্ষ্যে আগামীকাল রাজ্য সরকার ও আধা সরকারি সব দপ্তরে ছুটি থাকায়, হিসেব মতো আজ'ই এই বিজ্ঞপ্তি জারির শেষ দিন। তবে, এ'পর্যন্ত কোনো বিজ্ঞপ্তি জারি না হওয়ায় রাজ্য সরকারের পরবর্তী পদক্ষেপ নিয়ে কর্মচারী মহলে সংশয় তৈরী হয়েছে।

এর আগে সুপ্রিম কোর্টের ডিভশন বেঞ্চ গত ১৬'ই মে, ৬ সপ্তাহের মধ্যে বকেয়া মহার্ঘভাতার ২৫ শতাংশ মিটিয়ে দেওয়ার নির্দেশ দিয়েছিল।

এদিকে, রাজ্য সরকারের প্রকাশিত ষষ্ঠ বেতন কমিশনের রিপোর্টে বলা হয়েছে, রাজ্য সরকার নিজের তহবিল সামর্থ অনুযায়ী ডিএ দিতে পারে। কেন্দ্রীয় সরকারের পে-কমিশন মেনে ডিএ দেওয়ার প্রয়োজন নেই। সম্প্রতি সুপ্রিম কোর্ট রাজ্যকে বকেয়া ডিএ-র একাংশ মেটানোর নির্দেশ দিয়েছে। তবে, যে পরিমাণ বকেয়া ডিএ রয়েছে, তার সঙ্গে ষষ্ঠ পে-কমিশনের রিপোর্টের কোন যোগ নেই।

****************************

রাজ্যের কলেজগুলিতে স্নাতক স্তরে ভর্তি ও স্কুল সার্ভিস কমিশন-২০১৬ সালের যে নিয়োগ প্রক্রিয়া চলছে, সেখানে OBC সংরক্ষণের বিষয়টি কিভাবে নির্ধারিত হবে, সে ব্যাপারে রাজ্য সরকারের হলফনামা চেয়েছে কলকাতা হাইকোর্ট। দুই বিচারপতি তপব্রত চক্রবর্তী ও রাজা শেখর মান্থার ডিভিশন বেঞ্চ আগামী শুক্রবার রাজ্যকে হলফনামা দিয়ে তাদের বক্তব্য লিখিত আকারে জানাতে নির্দেশ দিয়েছেন। এ আগে কলকাতা হাইকোর্ট-এর নির্দেশে সংখ্যালঘু তালিকা নিয়ে রাজ্য সরকারের জারি করা নতুন বিজ্ঞপ্তির ওপর স্থগিতাদেশ জারি করে। কিন্তু তা সত্বেও রাজ্যের উচ্চ শিক্ষা দপ্তরের কেন্দ্রীয় পোর্টালে কলেজে ভর্তির আবেদনে ওবিসি এ ও ওবিসি- বি ক্যাটেগরি উল্লেখ আছে। পাশাপাশি স্কুল সার্ভিস কমিশনের ২০১৬ সালের নিয়োগের আবেদনও নেওয়া হচ্ছে। এর বিরোধিতা করে আদালত অবমাননার মামলা দায়ের হয়েছিল। আজ ডিভিশন বেঞ্চ তাদের নির্দেশে জানিয়েছে, ২০১০ সালের আগে ঘোষিত OBC ৬৬টি সম্প্রদায়কে কিভাবে সংরক্ষণের সুবিধা দেওয়া হচ্ছে সেটা রাজ্যকে হলফনামায় স্পষ্ট করতে হবে।

****************************

আজ আন্তর্জাতিক মাদকবিরোধী দিবস। ১৯৮৭ সালে রাষ্ট্রসংঘের সাধারণ পরিষদ ২৬-শে জুনকে আন্তর্জাতিক মাদক বিরোধী দিবস হিসেবে ঘোষণা করে। এই উপলক্ষে রাজ্যজুড়ে আজ নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

কলকাতার **উডল্যান্ডস** হাসপাতালে একটি বিশেষ পদযাত্রায় কলেজ অফ নার্সিং-এর পড়ুয়া ও দুটি স্বেচ্ছাসেবী সংস্থার প্রতিনিধিরা অংশ নেন।

কলকাতা পুলিশের **বডিগার্ড লাইনে** আয়োজিত অনুষ্ঠানে কলকাতা পুলিশ কমিশনার মনোজ ভার্মা জানান, সারা বছর ধরেই এই মাদক বিরোধী অভিযান চলে। কলকাতা সেদিক থেকে এখন অনেকটাই নিরাপদ।

*****************************

কেন্দ্র, **১৯৭৫** সালের ২৫শে জুন জরুরী অবস্থা ঘোষণাকে, 'সংবিধান হত্যা দিবস' হিসেবে উল্লেখ করেছে। এই উপলক্ষ্যে আগামী **৩০**শে জুন পর্যন্ত বিশেষ কর্মসূচী নিয়েছে সরকার। এর জন্য আকাশবাণী কলকাতার পক্ষ থেকে বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্ট মানুষের মতামত নেওয়া হয়। অর্থনীতিবিদ সুদীপ্ত গুহ-র অভিমত, জরুরি অবস্থা ঘোষণার মাধ্যমে প্রকৃত অর্থে ভারতের সংবিধানকে কলুষিত করা হয়েছে।

(বাইট-অর্থনীতিবিদ সুদীপ্ত গুহ)

*****************************

**স্পটলাইটের** আজকের আলোচনা 'সংবিধান হত্যা দিবস'। অংশ নিয়েছেন কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন রেজিস্ট্রার ও অধ্যাপক রাজাগোপাল ধর চক্রবর্তী। কথা বলেছেন কল্যাণ লাহা। আলোচনাটি শুনবেন আজ রাত সাড়ে আটটায় সঞ্চয়িতা প্রচার তরঙ্গ এবং আকাশবাণী সংবাদের সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*****************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এমাসের ২৯ তারিখ আকাশবাণীতে মন-কি-বাত অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।

এটি হবে মন-কি-বাতের ১২৩-তম পর্ব।

বেলা **১১**-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এআইআর ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও মন-কি-বাত সম্প্রচারিত হবে।

****************************

কলকাতার নারকেলডাঙা থানা এলাকায় ভোট পরবর্তী হিংসায় নিহত বিজেপি কর্মী অভিজিত সরকার খুনের ঘটনায় CBI, অন্যতম অভিযুক্ত পলাতক অরুণ দে-কে গ্রেপ্তার করেছে। ২০২১ সালের ওই ঘটনার দু-বছর পর পুলিশ দুজনকে গ্রেপ্তার করে।

কিন্তু অরুণ দে-র সন্ধান মিলছিল না। CBI, অরুণের সন্ধানে ৫০ হাজার টাকা পুরস্কার'ও ঘোষণা করেছিল। উত্তর ২৪ পরগণার একটি গোপন ডেরা থেকে তাকেও পাকড়াও করে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা।

আজ নগর দায়েরা আদালতে পেশ করা হলে তাকে বিচার বিভাগীয় হেফাজতে পাঠানো হয়েছে।

****************************

RG KAR হাসপাতালের তরুণী PGT চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনাস্থল পরিদর্শনের যে আবেদান, তাঁর বাবা মা করেছিলেন, তা' বিবেচনার জন্য কলকাতা হাইকোর্ট, শিয়ালদা আদালতের ACJM-এর কাছে পাঠিয়েছে। মামলার সর্বশেষ পরিস্থিতি সম্পর্কে যেহেতু শিয়ালদা আদালতই সঠিকভাবে অবগত, সেজন্যই বিচারপতি তীর্থঙ্কর ঘোষ-এর এই অভিমত। এর পাশাপাশি, CBI-কে মূল তদন্তের রিপোর্ট নিম্ন আদালতে পেশ করতে নির্দেশ দেওয়া হয়েছে।

অন্যদিকে, 'পুনরায় তদন্ত'-এর আবেদনের বিষয়ে বিচারপতি তীর্থঙ্কর ঘোষের বেঞ্চে শুনানি হবে আগামী ১৮'ই অগাস্ট।

****************************

চিরাচরিত উৎসাহ ও উদ্দীপনার সঙ্গে আগামীকাল পালিত হতে চলেছে রথযাত্রা। রাজ্যজুড়ে বিভিন্ন জায়গায় এই উপলক্ষ্যে প্রস্তুতি তুঙ্গে।

রাজ্য সরকারের মূল অনুষ্ঠানটি হবে দীঘায়। উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

ওড়িশার পুরীর ঐতিহ্যবাহী রথযাত্রার পরেই ছ'শো বছরেরও বেশি প্রাচীন হুগলী জেলার মাহেশের রথযাত্রাকে ঘিরে রয়েছে আলাদা উন্মাদনা। এবছর এই রথযাত্রা ৬২৯ বর্ষে পদার্পণ করছে। মন্দির চত্বর জুড়ে রয়েছে কড়া নিরাপত্তা।

উল্লেখ্য, এই বছরেই মন্দিরে পুরীর আদলে সিদ্ধযোগে নীলচক্র স্থাপনা এবং ধ্বজা উত্তোলন করা হয়েছে। আগামীকাল দুপুর দুটোয়, বিশিষ্টদের উপস্থিতিতে ঐতিহ্যমণ্ডিত রথযাত্রার সূচনা হবে।

অন্যদিকে, প্রায় তিনশো বছরের প্রাচীন হুগলীর গুপ্তিপাড়ার 'বৃন্দাবন জিউ'র রথযাত্রা, আড়াইশো বছরেরও বেশি পুরনো পূর্ব মেদিনীপুরের মহিষাদলের 'মদনগোপাল জিউ'র রথযাত্রা, বাঙালির চিরন্তন ঐতিহ্যের অঙ্গ হয়ে উঠেছে।

কলকাতায় ইস্কনের রথযাত্রা উপলক্ষ্যে পুজার্চনার পাশাপাশি নেওয়া হয়েছে বিশেষ নিরাপত্তার ব্যবস্থা।

রথ উপলক্ষ্যে ইতিমধ্যেই সাজো সাজো রব। দোকানে দোকানে বিক্রি হচ্ছে খেলনা রথ, বড়দের পাশাপাশি ছোটদের উৎসাহও চোখে পড়ার মতো।

*****************************

উত্তর পশ্চিম বঙ্গোপসাগরে তৈরি ঘূর্ণাবর্তটি আজ নিম্নচাপে পরিণত হয়েছে, যা আগামী ২৪ ঘন্টায় পশ্চিম, উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হবে। এর ফলে দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

মৌসুমী বায়ুর প্রভাব থাকায় আগামী দুদিন রাজ্যের বেশ কিছু জেলায় ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

( বাইট- হাবিবুর রহমান )

এদিকে, মেঘলা আকাশে দিনের তাপমাত্রা সামান্য কমেছে। কলকাতায় আজ সর্ব্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৩১ দশমিক চার ডিগ্রি সেলসিয়াস। স্বাভাবিকের থেকে যা দেড় ডিগ্রি কম।

*****************************

শিশুদের মধ্যে ডায়বেটিস রোগ প্রতিরোধে উল্লেখযোগ্য কাজ করায় আন্তর্জাতিক স্তরে সম্বর্ধিত হয়েছে পশ্চিমবঙ্গ।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ এক্স হ্যান্ডেলে এ'কথা জানান। টাইপ-ওয়ান ডায়বেটিসের সঙ্গে মোকাবিলার জন্য পশ্চিমবঙ্গের তৈরী মডেল, ইন্টারন্যাশনাল সোসাইটি ফর পেডিয়াট্রিক অ্যান্ড অ্যাডোলেসেন্ট ডায়বেটিস-এর স্বীকৃতী পেয়েছে।

*********************************************************************